

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সম্পত্তি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৩.১৯.০৩৪.১৫-১৭৬

তারিখঃ ১৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ
০১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ

অফিস আদেশ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরের এস্টেট ও আইন কর্মকর্তাদের আইন সংক্রান্ত দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপভাবে নির্ধারণ করা হলঃ

আইন সংক্রান্ত কার্যাবলীঃ

১. বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগের এখতিয়ারভুক্ত আপীল সম্পর্কিত মামলার উপাত্ত ডাটাবেইজে অন্তর্ভুক্তি, হালনাগাদ, প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;
২. বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের এখতিয়ারভুক্ত রীট পিটিশন, অধঃস্তন আদালতের আদেশের বিরুদ্ধে আপীল ইত্যাদি সম্পর্কিত মামলার উপাত্ত ডাটাবেইজে অন্তর্ভুক্তি, হালনাগাদ, প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;
৩. প্রশাসনিক ট্রাইবুনাল ও প্রশাসনিক আপিলেট ট্রাইবুনালের এখতিয়ারভুক্ত মামলার উপাত্ত ডাটাবেইজে অন্তর্ভুক্তি, হালনাগাদ, প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;
৪. দেশীয় ও আন্তর্জাতিক আরবিট্রেশন আদালতের মামলার উপাত্ত ডাটাবেইজে অন্তর্ভুক্তি, হালনাগাদ, প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;
৫. অধঃস্তন আদালতের মামলার উপাত্ত ডাটাবেইজে অন্তর্ভুক্তি, হালনাগাদ, প্রক্রিয়াকরণ, পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;
৬. সংশ্লিষ্ট মামলার বিষয়ে সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশের এটর্নি জেনারেল অফিস, নিয়োজিত প্যানেল আইনজীবি, পাবলিক প্রসিকিউটর (পিপি), সরকারি কৌসুলী (জিপি) এর সাথে যোগাযোগ রক্ষা করে সমন্বয়সাধন ও সরকারি স্বার্থ রক্ষায় যথাযথ পদক্ষেপ গ্রহণ;
৭. প্যানেল আইনজীবি নিয়োগ, পুন: নিয়োগ, বাতিল ইত্যাদি এবং প্যানেল আইনজীবিগণকে মামলা পরিচালনা সংক্রান্ত ফি পরিশোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৮. অতীব গুরুত্বপূর্ণ মামলায় বাংলাদেশের এটর্নি জেনারেল অফিস কর্তৃক নিয়োজিত সহকারি/ডেপুটি এটর্নি জেনারেল এবং সরকার কর্তৃক নিয়োজিত প্যানেল আইনজীবিকে আদালতে সমর্থন করার জন্য বা আপীল দায়েরের জন্য অভিজ্ঞতা সম্পন্ন প্রথিতযশা বেসরকারি সিনিয়র আইনজীবি নিয়োগ প্রক্রিয়াকরণ এবং ফি নির্ধারণ ও পরিশোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৯. Dispute Board এবং Arbitration সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াকরণ বিষয়ক যাবতীয় কার্যাবলী;


অপর পক্ষায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর

১০. সকল শ্রেণীর আদালতের রিপোর্ট, রিটার্ন, প্রতিবেদন ইত্যাদি প্রস্তুতকরণ ও দাখিল সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
১১. সড়ক ও জনপথ অধিদপ্তরের পক্ষে-বিপক্ষে দায়েরী সকল শ্রেণীর মামলার বিষয়ে আইনগত মতামত গ্রহণ প্রক্রিয়াকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
১২. বাংলাদেশ সুপ্রীম কোর্টের দৈনিক কজ লিস্ট সংগ্রহ এবং তদানুযায়ী মামলার কার্যক্রম গ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী এবং
১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত আইন সংক্রান্ত অন্য যে কোন কার্যাবলী।
০২. জোন পর্যায়ে কর্মরত এস্টেট ও আইন কর্মকর্তা অতিরিক্ত প্রধান প্রকৌশলীর সমন্বয়ে আওতাধীন সড়ক বিভাগসমূহের সাথে পারস্পরিক যোগাযোগ রক্ষা করে মামলা সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করবেন।
০৩. প্রধান কার্যালয়ে কর্মরত এস্টেট ও আইন কর্মকর্তার অধিক্ষেত্র হবে ঢাকা মেট্রোপলিটন এলাকা। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং এর সমন্বয়ে ঢাকা সড়ক বিভাগের সাথে পারস্পরিক যোগাযোগ রক্ষা করে অধিক্ষেত্রভুক্ত এলাকার মামলা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করবেন। উপরন্ত, সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে আগত মামলা সংক্রান্ত যাবতীয় বিষয়াদি সংকলন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।
০৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।
৫২৮. /-
- (মোঃ গোলাম জিলানী)
- সহকারী সচিব
- ফোনঃ ৯৫৮২২২৭
- sasestate@rthd.gov.bd
- তারিখঃ ১৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ
- ০১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
- নং-৩৫.০০.০০০০.০২৩.১৯.০৩৪.১৫-১৭৬/১(১৬)

বিতরণঃ

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০২. যুগ্মসচিব (আইন ও সংস্থা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক জোন, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/
বরিশাল/গোপালগঞ্জ
০৪. এস্টেট ও আইন কর্মকর্তা (সকল), সড়ক ও জনপথ অধিদপ্তর

১৫/৬/১৭

(মোঃ গোলাম জিলানী)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৮২২২৭

sasestate@rthd.gov.bd

অনুলিপিঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ✓০৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে
প্রকাশের অনুরোধসহ)
০৪. অতিরিক্ত সচিব (এস্টেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা